বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৪২

তারিখ: ০৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
১৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯২২ তম জরুরি কমিশন সভা অদ্য ১৯/০৯/২০২৪ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

গত ১ সেপ্টেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত ৯১৮তম (জরুরি) কমিশন সভার সিদ্ধান্তক্রমে এক্সচেঞ্জেস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ এর ২৪ ধারা ও অন্যান্য সংশ্লিষ্ট আইন অনুযায়ী ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (DSE) এর পরিচালনা পর্ষদে ৭ (সাত) জন স্বতন্ত্র পরিচালকের নিয়োগ প্রদান করা হয়। নিয়োগকৃত DSE এর ২ (দুই) জন স্বতন্ত্র পরিচালক পরবর্তীতে দায়িত্ব গ্রহণে অপারগতা প্রকাশ করেন। পরবর্তীতে গত ১৮ সেপ্টেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত ৯২১ তম কমিশন সভার সিদ্ধান্তক্রমে অপারগতা প্রকাশকারী উক্ত স্বতন্ত্র পরিচালকগণের স্থলে নতুন ২ (দুই) জন স্বতন্ত্র পরিচালক নিয়োগ প্রদান করা হয়। নিয়োগকৃত DSE এর ২ (দুই) জন স্বতন্ত্র পরিচালকও দায়িত্ব গ্রহণে অপারগতা প্রকাশ করেন।

উক্ত ২ (দুই) জন স্বতন্ত্র পরিচালকগণের স্থলে পূর্বের আদেশের ধারাবাহিকতায় ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি(DSE) এর পরিচালনা পর্ষদে নিম্নোক্ত স্বতন্ত্র পরিচালক নিয়োগ দেয়া হয়;

| ক্রমিক নং | নাম ও পরিচয় |
|---|---|
| ০১। | জনাব মোমিনুল ইসলাম, প্রতিষ্ঠাতা, ক্লিনক অ্যাডভাইসরি এবং সাবেক ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, আইপিডিসি ফিন্যান্স লিমিটেড |
| ০২। | জনাব শাহনাজ সুলতানা, সিইও ও চিফ কনসালটেন্ট, ফিন্স এ্যালাইয়েন্স এন্ড রিস্ক অ্যাডভাইসরি এন্ড কনসালটেন্সী এবং সাবেক কান্ট্রি ম্যানেজার, বাংলাদেশ, ওয়েলস ফার্গো ব্যাংক |

১৯.০৯.২০২৪
ফারহানা ফারুকী
পরিচালক ও মুখপাত্র